দৈনিক ইত্তেফাক
তারিখ ১৭ OCT 2017
পৃষ্ঠা ১ কলাম

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সব ধরনের নিয়োগ কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ

## শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

তিন সপ্তাহ ধরে চলা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অপসারণের দাবিতে আন্দোলনের মধ্যেই বিশ্ববিদ্যালয়টিকে সকল ধরনের নিয়োগ কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত রবিবার শিক্ষা পৃষ্ঠা ১৯ কলাম ৩

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সব

প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রণালয় থেকে চিঠি পাঠানো হয় উপাচার্য বরাবর।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি হতে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সকল নিয়োগ কার্যক্রম পরবর্তী সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এদিকে বঙ্গবন্ধুকে নিয়ে ফেসবুকে এক কর্মচারী কটূক্তিমূলক মন্তব্য করায় তার শাস্তির দাবিতে মানববন্ধন করেছে বঙ্গবন্ধু পরিষদ, কর্মচারী সমিতি ও বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ।

এ ছাড়াও শিক্ষা ছুটিতে থাকা এক শিক্ষককে বিশ্ববিদ্যালয়ে কর্মচারী নিয়োগ বোর্ডে অবৈধভাবে সদস্য করায় এর প্রতিকার চেয়ে রেজিস্ট্রার বরাবর স্মারকলিপি দিয়েছে শিক্ষক সমিতি। ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের ওই শিক্ষকের নাম জি. এম. আজমল আলী কাওছার।

এ সকল বিষয়ে কথা বলতে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের ব্যক্তিগত মোবাইল ফোনে করা হয়। তিনি ব্যস্ত আছি বলে ফোন রেখে দেন।